


বাংলার অব্যবহিত ভূ-প্রকৃতি ও তার কোলে গড়ে উঠা জনপদ একে অপরের সুনিবিড় সান্নিধ্যে মিলেমিশে এক অপার সৌন্দর্যের পটভূমি তৈরি করেছে। জালের মতো ছড়িয়ে ছিটিয়ে থাকা নদী ও তার শাখা প্রশাখা এই বাংলার ভূ-দৃশ্যকে দিয়েছে অনন্য বৈশিষ্ট্য যা প্রতিনিয়ত এর কোলে লালিত পালিত জনপদের জীবনধারণারই প্রতিচ্ছবি। এই নদীর সাথে জনপদের সন্ধিক্ষণের সবচেয়ে প্রাণবন্ত জায়গাটিই হল ঘাটলা। যা একই সাথে কিভাবে প্রকৃতি ও মানুষ সহবহানে থাকতে পারে এবং তার মাধ্যমে প্রায় অধিকাংশ সামাজিক কর্মকাণ্ডের ব্যাপ্তি ঘটাতে পারে, তার প্রকৃষ্ট উদাহরণ। ফরিদপুর সদরেও কুমার নদ পাড়ের বসতি ও তার মানুষের প্রকৃতির সাথে মেলবন্ধনের দিক থেকে সবথেকে বেশি যে স্থানটি ওতপ্রোতভাবে জড়িত তা হল এখানকার ঘাটলা। যেখানে দৈনন্দিন জীবনের কাজের একটি বৃহত্তর অংশই ঘাটলার সাথে সরাসরি সম্পর্কিত। যার ধারাবাহিকতায় সামাজিক স্থান সমূহ ও তার নানাবিধ আচার-বৈশিষ্ট্য, তার প্রকাশ প্রভৃতি এই ঘাটলায় বিভিন্ন ধরনের স্থানের অবকাঠামো তৈরি করে চলেছে, যা একে অপরের সাথে নিবিড় সম্পর্কের বন্ধনে আবদ্ধ। তাই কুমার নদের সাথে বসতির যোগসূত্রের একটি বড় মাধ্যমই হল তার পাড়ের ঘাটলাগুলো। যা এককথায় এখানকার মানুষের জীবনধারণার এক অনন্য প্রতিফলন।

The unrestricted, undeterred landscape of Bengal and the populace formed on its lap have created a canvas of immense beauty being in close with each other. The river and its branches which spread like webs throughout the country have drawn the unique characteristics which are the reflection of the people's daily life. In this intense relationship between people and river, "Ghatla" is the most alive space, plays a vital role to describe the appeal of this kinship of ages. It's an example of such social space which can stay in cooperation with nature and human at the same time and can expand maximum diversity of social activities. In Faridpur Sadar, "Ghatla" is the place which is tremendously involved with the settlement along Kumar Nod (Kumar river) and capable of describing the way people interact with river. Here a large part of daily activities is directly related to the "Ghatla". Eventually, the social spaces of this settlement and their different types of rituals and traditions are configuring the physical form of those "Ghatla"s through the indigenous life pattern and spontaneous act of local people. In this way, the "Ghatla"s have appeared as the prominent element of the connection between Kumar Nod and people of Faridpur Sadar. In one word, those "Ghatla"s are the lively image of the local people's way of life.



৬.২.৪.১ বিভিন্ন প্রকার ঘাটলার পরিকাঠামোগত বৈশিষ্ট্য পর্যালোচনা

6.2.4.1 Infrastructural analysis of different types of 'Ghatla'

1



(Visarjan ghatla) বিসর্জন ঘাটলা



(shaan ghatla) শান ঘাটলা



(Shiri ghatla) সিঁড়ি ঘাটলা



(bazar ghatla) বাজার ঘাটলা



লঞ্চ ঘাটলা/ বিসর্জন ঘাটলা
(launch ghatla)



(Shiri ghatla) সিঁড়ি ঘাটলা



(shaan ghatla) শান ঘাটলা



(shaan ghatla) শান ঘাটলা



(Shiri ghatla) জোড়া ব্রিজ ঘাটলা/ সিঁড়ি ঘাটলা



সিঁড়ি ঘাটলা
(Shiri ghatla)

ঘাটলার অবস্থান
location of ghatla



সিঁড়ি পূর্ববর্তী ধাপ
former landing



সিঁড়ি মধ্যবর্তী ধাপ
half landing




সিঁড়ি
stair



ঢালু পথ
ramp




পাটানতল
deck



ফরিদপুর সদরের কুমার নদ পাড়ের প্রতিটি বসতির সাথেই মূল সামাজিক স্থান হিসেবে সৃষ্টি হয়েছে ঘাটলা। নির্দিষ্ট প্রকার কাজের জন্য ঘাটলা কেন্দ্রিক ব্যবস্থা ও কর্মপরিসরে এসেছে নানাবিধ সংযোজন ও পরিবর্তন। এর মধ্যে বসতবাড়ির ঘাটলা, বাজারের ঘাটলা, ধর্মীয় স্থানের ঘাটলা, মিশ্র ঘাটলা প্রভৃতি উল্লেখযোগ্য। বিভিন্ন রকম ঘাটলায় মানুষের বৈচিত্রপূর্ণ কর্মকাণ্ডের সাথে সম্পর্কিত ভিন্ন ভিন্ন পরিকাঠামোগত বৈশিষ্ট্য রয়েছে। যেমন সিঁড়ি ঘাটলায় রয়েছে সিঁড়ি, মধ্যবর্তী দাঁড়ানোর ধাপ এবং পাটাতন; আবার বিসর্জন ঘাটলায় তার সাথে সিঁড়ি পূর্ববর্তী দাঁড়ানোর ধাপ এবং ঢালু পথ যুক্ত হয়েছে। এসকল পরিকাঠামোগত বৈশিষ্ট্যগুলো তার পার্শ্ববর্তী বসতির সাথে ভিন্ন ভিন্ন বৈশিষ্ট্যের সামাজিক মেলবন্ধনের স্থান তৈরী করে।

Ghatlas' of Faridpur Sadar are placed at the bank of Kumar Nod near the area where river bank settlements were developed. The spaces of Ghatla and it's activity varies due to different types of need and demand. Among all Residential Ghatla, Bazar Ghatla, Religious Ghatla, Mixed use Ghatla is playing vital roles to creat social spaces. Infrastructural features of Ghatla varies with different needs of activities. For example ; Shiri ghatla contains steps, half landing and deck where as Visarjan Ghatla contains former landing and ramp with other basic physical features. These infrastructural qualities develops various social connectivity with nearest settlements.

৬.২.৪.২ ঘটলা কেন্দ্রিক মানব-প্রকৃতির মিথস্ক্রিয়া
6.2.4.2 Human nature interactions at 'Ghatla'




৬.২.৪.৩ ঘাটলা কেন্দ্রিক সাংস্কৃতিক ও অর্থনৈতিক মিথস্ক্রিয়া
6.2.4.3 Cultural and Economic interactions at 'Ghatla'



দুর্গা বিসর্জন
(dipping idol)



নারী-পুরুষের সহবস্থান
(male-female participation)




খেয়া পারাপার
(boat crossing)



৬.২.৪.৪ ঘাটলা কেন্দ্রিক সামাজিক স্থানের নকশা প্রণয়ন

6.2.4.4 Proposed design of social spaces at 'Ghatla'



ঘাটলা পার্শ্ববর্তী
স্থানে অস্থায়ী ভাবে খাবার
ও চায়ের দোকান পড়ে ওঠাকে
উৎসাহিত করুন
promoting food and
tea stall to grow
near social spaces
of Ghatla

নদী পথে নিয়ে
আসা মালামাল উঠানোর
জন্য চালু পথের ব্যবস্থা করণ
providing ramp to lift
goods from boat

ঘাটলা পার্শ্ববর্তী
স্থানে অস্থায়ী ভাবে খাবার
ও চায়ের দোকান পড়ে ওঠাকে
উৎসাহিত করুন
promoting food and
tea stall to grow
near social spaces
of Ghatla

নদীর পাশে প্রস্তাবিত
হাটের পথকে ঘাটলার
সাথে সংযুক্ত করুন
connecting proposed
river front walk way
with Ghatla




৬.২.৫ রামকৃষ্ণ ঘাটলার বিশদ বিশ্লেষণ

6.2.5 Detail analysis of social space at 'Ramkrishna Ghatla'

৬.২.৫.১ রামকৃষ্ণ ঘাটলায় নারী-পুরুষের সহবস্থান

6.2.5.1 Co-existence of man and women at Ramkrishna Ghatla



৬.২.৫.২ রামকৃষ্ণ ঘাটলায় মিথস্ক্রিয়ার প্রকার


6.2.5.2 Various interactions at Ramkrishna Ghatla





শ্রেণী, ধর্ম এবং বর্ণ নির্বিশেষে মানুষের মধ্যকার সামাজিক মেলবন্ধনের একটি প্রকৃষ্ট উদাহরণ এই রামকৃষ্ণ ঘাটলা ও তার সংলগ্ন এলাকা। এখানে একদিকে যেমন মন্দিরের মন্ডপের নিচে বসে মুসলমানদের আশুরা (১০ মহররম) এর সিব্বি খাওয়া হয় ঠিক তেমনি একুশে ফেব্রুয়ারীতে সকল ধর্মের মানুষের উপস্থিতিতে শহীদ মিনারে পুষ্পার্ঘ্য অর্পনের মধ্য দিয়ে আন্তর্জাতিক মাতৃভাষা দিবস পালন করা হয়। এখানকার সাংস্কৃতিক মিথস্ক্রিয়ার বিস্তার ও বৈচিত্র্য পর্যালোচনা করে দেখা যায় এখানে বিনোদনমূলক, ধর্মীয়, অ-সাম্প্রদায়িক কর্মকাণ্ডের পাশাপাশি স্ব-যত্ন সম্পর্কীয় কার্যকলাপ উদাহরণস্বরূপ ঘাটলায় গোসল করা এবং কাপড় ধোয়া জাতীয় কর্মকাণ্ডের মাধ্যমেও স্থানীয় মানুষদের মধ্যে মিথস্ক্রিয়ার সুযোগ তৈরী হয়ে থাকে।

The Ramkrishna Ghatla and it's neighboring area is an impeccable example of social cohesion among different types of social class and religious groups. This place in one hand adopts the arrangement of the feast of "Ashura" (10th Muharram) under the roof of temporary Mandapa for the worship of goddess Durga, on the other hand, people gather here and celebrate the International Mother Language Day through delivery flower wreaths to the Shaheed Minar (Memorial for Martyrs). Analysis of the cultural interaction of this place shows that along with recreational, religious and noncommunal activities several self-care activities like taking bath and washing clothes on the Ghatla create scopes of interaction among the local people.



এখানকার অর্থনৈতিক কর্মকাণ্ডের অনন্য বৈশিষ্ট্য হল, সংলগ্ন বাজারে পুরুষের পাশাপাশি বিভিন্ন স্তরে নারীদের স্বতন্ত্র অংশগ্রহণ। এই বাজারের ঐতিহ্যবাহী কাপড়ের দোকানগুলোতে দূরদুরান্তের গ্রাম থেকে পুরুষ ও নারী হস্তশিল্পীরা তাদের নিজহাতে তৈরি পোশাক সরবরাহ করে থাকে। এছাড়াও বেশকিছু নারী চা বিক্রেতাদের দোকানে বাজারের ফ্রেতা ও বিক্রেতাদের জমায়েত হতে লক্ষ্য করা যায়। এমনকি বেশ কিছু নারী কর্মীকে দোকানগুলোতে পানি সরবরাহের কাজ করতেও দেখা যায়। নারী-পুরুষের সহাবস্থানের পাশাপাশি বিভিন্ন ধর্ম, শ্রেণী ও বয়সের ফ্রেতা ও বিক্রেতার উপস্থিতি এই স্থানের অর্থনৈতিক মিথস্ক্রিয়ার একটি উল্লেখযোগ্য বৈশিষ্ট্য।

The unique character of the economic activities of this areas is the impulsive participation of women besides the men. There are several traditional shops of garments. Both male and female handicrafts supply their crafted product to those shops. The sellers and buyers both have been found to gather into number of tea stall driven by women. Besides this, presence of the people from different religious, economic and age background is an important feature of the socio-economic interaction of this place.



এই স্থানের পরিবেশ ও মানুষের মিথস্ক্রিয়া থেকে দেখা যায়, পুরো এলাকায় বিভিন্নরকম পরিবেশ বিরোধী কর্মকাণ্ডের উপস্থিতি থাকলেও ঘাটলা এলাকায় কিছু মানুষের পরিবেশ বান্ধব উপস্থিতির প্রমাণ মেলে। ঘাটলাতে প্রতিদিন গোসল, কাপড় ধোয়া প্রভৃতি কাজের উদ্দেশ্যে জমায়েত পরিবেশের কোনোরূপ ক্ষতি সাধন করে না। কিন্তু ঘাটলার পাশেই বর্জ্য ফেলা, নদীর উপরে পরিকাঠামো তৈরি, ড্রেনব্যবস্থার দৈন্য দশা ইত্যাদি পরিবেশের সাম্যাবস্থার জন্য যথেষ্ট হুমকির কারণ। উল্লেখ্য বাজারের বর্জ্য একটি ড্রেনের মধ্য দিয়ে নদীর পানিতে উন্মুক্ত হওয়ার কারণে নদীর পানির দূষণের পিছনে এই বাজার অনেক বড় ভূমিকা পালন করে।

From the pattern of interaction between human and environment of this place, it's found that in the entire area number of anti-environmental activities usually take place. But on the Ghatla area, some proofs of environment friendly activities are also found. Everyday the gathering of people due to different purpose including taking bath, washing clothes, collecting water for household works etc. usually don't create any hamper to the natural balance. But the way people throw-out the household waste into the river, building infrastructure on the river or the poor drainage system cause a threat to the equilibrium state of environment. There is a drain line opened up into the water of river which brings the wastes from the market area. In this way the market is playing a ridiculously vital role in the pollution process of the river water.

6.2.5.6 Proposed design of social spaces at Ramkrishna Ghatla

- নদের পাশে পায়ে হাটার পথ সংযোজন এবং বিদ্যমান রাস্তাকে নদীর দিকে উন্মুক্ত করণ
 Addition of pedestrian walkway along river and connecting existing road with river front
- ঐতিহাসিক লঞ্চ ঘাটের স্থানে বিদ্যমান ঘাটলাকে সম্প্রসারণ এবং চালু পথ, সিঁড়ি ও বড় পাটাতন সংযোজন
 Extending existing Ghatla with ramp, stair and large deck at historical Lonch Ghata place
- বিদ্যমান রামকৃষ্ণ ঘাটলার সাথে বসার স্থান, শৌচালয় ও কাপড় পরিবর্তনের স্থান সংযোজন
 Adding sitting space, toilet and dressing room with existing Ramkrishna Ghatla
- তরল বর্জ্যের প্রাকৃতিক পরিশোধন স্থান নির্ধারণ ও প্রস্তুতকরণ
 Determining and preparing space for Constructed wet land
- বিদ্যমান শ্রী শ্রী কৈলাশ ধাম মন্দিরের অবকাঠামো সম্প্রসারণ
 Extending infrastructural facilities of Sri Sri Koilash Dham temple
- সুনির্দিষ্ট ময়লা ফেলার স্থান নির্ধারণ ও প্রস্তাবিত ডাস্টবিন নির্মান
 specify solid waste dumping area and dustbin construction
- সর্বসাধারণের চলাচলের স্থানের অবৈধ ব্যক্তিগত স্থাপনাকে নতুন স্থানে প্রতিস্থাপন
 relocating private illegal structure from public space





রামকৃষ্ণ ঘাটলার নকশা বিন্যাস
Design Layout of Ramkrishna Ghatla





৬.২.৬ হাজী শরিয়ত উল্লাহ বাজার কেন্দ্রিক সামাজিক স্থানের বিশদ বিশ্লেষণ

6.2.6 Detail analysis of social space at 'Haji Shariatullah Bazar'

৬.২.৬.১ হাজী শরিয়ত উল্লাহ বাজারে নারী-পুরুষের সহবস্থান

6.2.6.1 Co-existence of man and women at Haji Shariatullah Bazar

নারী ও পুরুষের সহাবস্থান এই হাজী শরিয়তুল্লাহ বাজার এবং সংলগ্ন এলাকার একটি অন্যতম বৈশিষ্ট্য। ক্রেতা এবং বিক্রেতা উভয় চরিত্রেই পুরুষের পাশাপাশি নারীদের উপস্থিতি নজর কাড়া। বিশেষ করে অস্থায়ী দোকানগুলোতে নারী বিক্রেতাদের শাকসবজি বিক্রয় করতে দেখা যায়। আবার চাকুরিজীবী নারীদের পাশাপাশি গৃহিণীরাও প্রাত্যহিক ও সাপ্তাহিক বাজার করতে এই বাজারে আসে। কেবল মাত্র মাছের বাজারে নারীদের উপস্থিতি তুলনামূলকভাবে কম। এই বাজারে খাবারের হোটেল এবং চায়ের দোকান গুলোতে অর্থনৈতিক মিথস্ক্রিয়ার পাশাপাশি সাংস্কৃতিক মিথস্ক্রিয়া দেখা যায়। চায়ের দোকান ও তার সামনের রাস্তায় লোকজনকে আড্ডা দিয়ে চা খেতে দেখা যায় এবং খাবার হোটেল গুলোতে খাবার খেতে সর্বস্বত্বই মানুষের উপস্থিতি চোখে পড়ার মত। এছাড়াও বাজারের সরু রাস্তা গুলোকে আশপাশের বসতির মানুষের দৈনন্দিন পথ চলার রাস্তা হিসেবে ব্যবহার করতে দেখা যায়, যেটা তাদের জন্য বেশ আনন্দের কাজ বলে মনে হয় কারণ তারা বাজার অংশ পার হবার সময় বাজারের বিভিন্ন পণ্যের মূল্য সম্পর্কে ধারণা নিয়ে যেতে পারে।




৬.২.৬.২ হাজী শরিয়ত উল্লাহ বাজারে মিথস্ক্রিয়ার প্রকার

6.2.6.2 Various interactions at Haji Shariatullah Bazar

co-existence of men and women one of the main features of Haji Shariatullah Bazar. Equal presence of women as well as men looks attractive. Specially women are seen as occasional vegetable vendor beside bazar streets. Again house holders as well as job holder women comes daily for shopping in this market place. But in fish market presence of women is relatively less. Cultural interactions as well as economic interactions can be seen in food shops and tea stalls of the market. people are seen gossiping and drinking tea in front of tea stall and food shops are always busy to manage customer who are eating. Also, the narrow streets of the market are seen to be used as the road to the people's habitat of surrounding settlements, that seems to be a pleasure for them. Because they can also take ideas about the value of various products in the market while crossing market area.






এই বাজারটি স্থায়ী, আধা স্থায়ী এবং অস্থায়ী সব ধরনের বিপণীর সমন্বয়ে গড়ে উঠেছে। এই বিপণীগুলোর কিছু পাকা অবকাঠামো, কিছু কাঁচা অবকাঠামোতে এবং বেশির ভাগ অর্ধ পাকা অবকাঠামোতে গড়ে উঠেছে। প্রতিদিন অসংখ্য নারী এবং পুরুষ উভয় ধরনের বিক্রেতারা বিভিন্ন ধরনের গৃহস্থালি মালামাল সমাজের বিভিন্ন স্তরের ক্রেতাদের কাছে বিক্রয় করে থাকে। লোহার ব্রিজ সংলগ্ন রাস্তাটি মাধ্যমেই মূলত এই বাজারের মালামাল আমদানি করা হয়ে থাকে। এইসূত্রে রাস্তাটির পাশ ধরে কিছু আড়ত গড়ে উঠেছে। বাজারটির মধ্যে মাছ কেনা বেচার অংশটি তুলনামূলকভাবে জনবহুল থাকে যদিও এই অংশের অবকাঠামোগত পরিবেশ বেশ কিছুটা নাজুক।

This market contains permanent, semi permanent and temporary shops of different sizes. Everyday number of male and female both types shopkeepers sell household goods to the customers of different strata of society. the overall import and export activities are maintained through the adjacent road of "Lohar Bridge" (Iron Bridge). There are number of storehouse, situated along the roadside. In spite of poor infrastructural condition, the fish market is the most vibrant portion of the market.

৬.২.৬.৪ হাজী শরিয়ত উল্লাহ বাজারে সাংস্কৃতিক মিথস্ক্রিয়া


6.2.6.4 Cultural interactions at Haji Shariatullah Bazar

হাজী শরিয়তুল্লাহ বাজার এলাকার সামাজিক স্থানগুলো অর্থনৈতিক কর্মকাণ্ডের পাশাপাশি সাংস্কৃতিক কর্মকাণ্ডেরও ধারক ও বাহক। এই বাজারের একদিকে যেমন সড়কের উপরে প্রতিবছর দুর্গা পূজার অস্থায়ী মন্ডপ তৈরী করা হয় ঠিক তেমনই অন্যদিকে মাজারও প্রতিষ্ঠিত যেখানে মুসলিম ধর্মের অনেক মানুষ জমায়েত হয়ে থাকে। ভিন্ন ভিন্ন ধর্মের এই পারস্পরিক সহাবস্থান ফরিদপুরের জনগণের অসাম্প্রদায়িক মনভাবের প্রকাশ। বাজারে সাধারণ কেনা বেচার দোকানপাট ব্যতীত বেশ কিছু রেস্তোরা এবং চায়ের দোকান রয়েছে। বাজারের ফ্রেতা-বিক্রেতারা উভয়পক্ষই এই রেস্তোরাগুলোতে সকাল ও দুপুরের আহার গ্রহন করে থাকে। এছাড়াও চায়ের দোকানগুলো সর্বদাই মানুষের আড্ডায় মুখরিত। বাজারের ভিতরকার পায়ে হাটার রাস্তাগুলো যার দুই পাশে বিক্রেতারা পত্রা সাজিয়ে বসে এই রাস্তাগুলো ফরিদপুরের সামাজিক সাম্যাবস্থার এক প্রকৃষ্ট উদাহরণ। বিভিন্ন ধর্ম, বর্ণ ও লিঙ্গের স্বতস্কৃত চলাফেরা এই সমাজের নিরপেক্ষ অবস্থান প্রমাণ বহন করে।



Besides the economic activities the social places in Haji Shariatullah Bazar area are containing different types of cultural events. Every year on the adjacent road of this market area, a temporary “Durga Puja Mandap” with the purpose of celebrating the worship of goddess Durga., the biggest religious festival of Hinduism. On the other hand there are couple of Mazars (Shrine) of Muslim preachers, where number of people gathers everyday. Through this coexistence of different religious beliefs proves the liberal mentality of the people of Faridpur. Apart from the shops there are few local restaurants and tea stalls in the market area. Not only the sellers but also the customers use take their meal in those restaurant. Besides, the tea stalls are the most preferable place fo gossiping to the people. The internal roads of the market is another expression of the balanced social condition of Faridpur. People different religion, cast, gender and status move spontaneously through those roads.

৬.২.৬.৫ হাজী শরিয়ত উল্লাহ বাজারে নদীর তীরবর্তী মানব-প্রকৃতি মিথস্ক্রিয়া
6.2.6.5 River front Human-nature interactions at Haji Shariatullah Bazar



বাজার এলাকায় মানুষের পরিবেশ বান্ধব কার্যক্রমের তুলনায় পরিবেশ বিরোধী কর্মকাণ্ডের প্রকপতা অধিক। কুমার নদের তীরবর্তী হাজী শরিয়তুল্লাহ বাজারটি পুরোপুরিভাবে এই নদকে উপেক্ষা করেই গড়ে উঠেছে। যার ফলশ্রুতিতে নদীমুখী উন্নয়নের পরিবর্তে বাজারের সকল প্রকার আবর্জনা ঠাই পেয়েছে কুমার নদের বুকে। বাজার সংলগ্ন যে ঐতিহ্যবাহী ঘাটলাটি রয়েছে সেটি এখন আবর্জনার স্তুপ এবং মানুষের মূত্রত্যাগের স্থানের পরিনত হয়েছে।

In the Bazar area the anti-environmental actions by the people is kind of prominent in comparison with environment friendly activities. Being developed on the bank of Kumar Nod, the Haji Shariatullah Market is out and out ignoring the river. As a result instead of river based growth, the everyday waste of the market use to be placed into the river. The adjoining traditional 'Ghatla' of the market area is now a days being used as the piles of trash and place for urinate.

এই বাজারের অবকাঠামোগত বিশেষ করে বর্জ্য নিষ্কাশন ব্যবস্থার অবস্থা অনেক বেশি করুন। বাজারের মধ্যকার ড্রেনগুলো যে দুইটি বড় ড্রেনের সাথে গিয়ে মিলেছে সেগুলো কুমার নদের উপরে গিয়ে উদ্ভুক্ত হয়েছে। অর্থাৎ বাজার এলাকার সকল তরল আবর্জনার প্রবাহিত হয়ে কুমার নদের পানিতে গিয়ে মিশেছে। আবার মানুষ তরল বর্জ্যের পাশাপাশি কঠিন আবর্জনাও ফেলার কারণে বাজারের মধ্যকার ছোট ছোট ড্রেনগুলো প্রায় বন্ধ হয়ে গিয়েছে। বর্জ্য নিষ্কাশন ব্যবস্থার পাশাপাশি বাজারের সাথে শহরের যাতায়াত ব্যবস্থার অবস্থাও কিছুটা নাজুক। যেহেতু একটি ঘাটলা থাকা সত্ত্বেও নদীভিত্তিক যাতায়াতের ব্যবস্থা অনুপস্থিত, সেহেতু মানুষ এবং মালামালের পরিবহন কেবলমাত্র সড়কের উপর নির্ভরশীল। ফলাফলস্বরূপ বাজারের সংলগ্ন সড়কে অত্যধিক মাত্রায় যানজট লক্ষ্য করা যায়। পথচারীদের হাটার জন্য কোনও রকম সুব্যবস্থা না থাকায় মাঝে মাঝেই এই যানজট পথচারীদের স্বাভাবিক চলাফেরাকে একরকম অসম্ভব করে তোলে।



The infrastructural condition of this market is so poor. Specially the drainage system is under extreme disorder. There is two outfall have been opened into the Kumar river. And the internal drains through the market is being stacked as people throw large solid trash into the drains which create obstacle in the natural flow of the drainage. Moreover the fish market is containing damp and unhygienic atmosphere. Beside the drainage system, the accessibility of the market is also unsuitable. As the river is not being used as the medium of transportation. Both the human and goods are using the road on the way to the market. As a result a never ending traffic congestion uses to take place everyday. The vehicles get stacked in such a way that it's become quite difficult for the passer-by for their normal movement.

০১
০১

নৌকা ভেড়ার স্থান ও চালু পথ সংযোজন করে বিদ্যমান ঘাটলার পরিবর্ধন
Enlarging Existing Ghatla by adding Boat arrival area and ramp

০২
০২

ঘাটলা ও বাজারের মাঝে জনসমাগমের জায়গা নির্ধারণ ও আধাপাকা মেঝে নির্মাণ এবং একই সাথে তীরবর্তী দোকান গুলির নদীর দিকে অবৈধ বৃদ্ধি রোধ করণ
Determining public space and constructing semi-paved plaza between Ghatla and bazar and Simultaneously preventing illegal extension of shops towards river

০৩
০৩

নদীর সাথে বাজারের দৃষ্টিগম্যতা বৃদ্ধির জন্য নদীর পাড়ের দোকান গুলোর পরিকাঠামোপত পরিমার্জন
Refinancing shop Infrastructure to increase visibility of bazar area with river

০৪
০৪

কঠিন বর্জ্য ফেলার জন্য ঘাটলার সাথে ডাস্টবিন নির্মাণ এবং নৌ-পথে ময়লা সংগ্রহ করে সমন্বিত শোধনাগারে পরিবহনের ব্যবস্থা করণ
incorporating dustbin with Ghatla to dump solid waste and developing a water transportation system of collecting and transferring waste to central treatment plan

০৫
০৫

তরল বর্জ্যের প্রাকৃতিক পরিশোধন স্থান নির্ধারণ ও প্রস্তুতকরণ
Determining and preparing space for constructed wet land

০৬
০৬

বিদ্যমান ড্রেন এর সাথে নতুন ড্রেন সংযোজন, ড্রেন এর উপর ছিদ্রযুক্ত ঢাকনা ব্যবহার করে কঠিন বর্জ্যের অনুপ্রবেশ রোধকরন এবং ড্রেন গুলিকে প্রাকৃতিক পরিশোধন স্থানের সাথে সংযুক্ত করণ
Adding a new drain with existing, adding perforated cover on drain to resist Penetration of solid waste and connecting drain with Constructed wet land

০৭
০৭

নারী-পুরুষের সমান প্রবেশগম্যতা নিশ্চিত করে এমন স্থানে শৌচালয় নির্মাণ
constructing toilet in such a space that ensures male-female equal permeability

০৮
০৮

নদীর তীরবর্তী জনসমাগমের স্থানের সাথে অনিয়মিত বিক্রেতাদের বসার স্থান নির্ধারণ এবং তাদের বসার জন্য উত্থিত মেঝে নির্মাণ
determining sitting area for occasional vendors near river bank public space and constructing raised floor for their sitting

০৯
০৯


বাজারে উপযুক্ত স্থানে বৃক্ষ রোপন করে ঐতিহ্যগত ও আরামপ্রদ পরিবেশ নিশ্চিত করণ
tree plantation at appropriate places to revive comfortable and traditional environment of Bazar

১০
১০

সন্ধ্যার পরে বাজারের নিরাপদ ব্যবহার নিশ্চিত করার জন্য পর্যাপ্ত পরিমাণ আলোক খুঁটি সংযোজন
incorporating enough light post to ensure safe bazar activity in the evening



হাজী শরিয়তুল্লাহ বাজারের নকশা বিন্যাস
Design Layout of Hajj Shariatullah Bazar



নদীর সাথে বাজারের
দৃষ্টিগম্যতা বৃদ্ধির জন্য নদীর
পাড়ের দোকান গুলোর
পরিকাঠামোগত পরিমার্জন

Refinancing shop
Infrastructure to increase
visibility of bazar area
with river

বৌকা ভেড়ার
স্থান ও ঢালু পথ
সংযোজন করে বিন্যাস
ঘাটিলার পরিবর্ধন


Enlarging Existing Ghatla
by adding Boat arrival
area and ramp

ঘাটলা ও বাজারের
মাঝে জনসমাগমের জায়গা
নির্ধারণ ও আধাপাকা মেঝে নির্মাণ
এবং একই সাথে তীরবর্তী দোকান গুলির
নদীর দিকে অবৈধ বৃদ্ধি রোধ করণ

Determining public space and
constructing semi-paved plaza
between Ghatla and bazar and
Simultaneously preventing
illegal extension of shops
towards river

সন্ধ্যার পরে
বাজারের নিরাপদ ব্যবহার
নিশ্চিত করার জন্য পর্যাপ্ত
পরিমাণ আলোক ঝুটি সংযোজন
incorporating enough
light post to ensure
safe bazar activity in
the evening

বাজারে উপযুক্ত
স্থানে বৃক্ষ রোপন করে
ঐতিহ্যগত ও আরামপ্রদ
পরিবেশ নিশ্চিত করণ
tree plantation at
appropriate places to revive
comfortable and traditional
environment of
Bazar



৬.২.৭ বিসর্জন ঘাটলার সামাজিক স্থানের বিশদ বিশ্লেষণ

6.2.6 Detail analysis of social space at 'Visarjna Ghatla'

৬.২.৭.১ বিসর্জন ঘাটলায় নারী-পুরুষের সহবস্থান

6.2.7.1 Co-existence of man and women at Visarjan Ghatla




সারা বাংলার মতো ফরিদপুর সদরেও ঐতিহ্যের ও সামাজিকতার একটি বড় অংশই জুড়ে রয়েছে পূজা, পার্বন ও তার আনুষ্ঠানিকতার নানা আচার ও পালন। যার মধ্যে সবথেকে বড় উৎসব দুর্গা পূজা ও তার বিসর্জন এই বিসর্জন ঘাটলাকে কেন্দ্র করেই আবর্তিত হয়। যা বছরের সবথেকে বড় জনসমাগমের একটি স্থানে পরিণত হয়েছে। এখানে ফরিদপুর সদর ও তার আশেপাশের এলাকার প্রায় সকল প্রতিমাকেই এই ঘাটলাতে বিসর্জন দেওয়া হয়। তাই এই স্থানের সামাজিক বৈশিষ্ট্যের বেশিরভাগটাই উৎসবকে কেন্দ্র করে নির্ধারিত ও আবর্তিত। এছাড়াও ঘাটলার সাথেই একটি মন্দির অবস্থিত হওয়ার জন্য সারা বছর ধরেই বিভিন্ন ধরনের ধর্মীয়-সামাজিক অনুষ্ঠানাদি চলতে থাকে। একই সাথে এলাকার সবথেকে বড় মাঠ এখানে হওয়ার জন্য বিভিন্ন ধরনের খেলাধুলা এখানে চলতে থাকে। এই মাঠের একধারে নদী ও বাকি দিকগুলোতে বসতি হওয়ার জন্য, বসতির সামাজিক স্থানের বিন্যাসও এখানে বিস্তৃতি লাভ করেছে। যা এই জায়গাকে করেছে বৈচিত্র্যময় ও সমৃদ্ধ।

Different types of religious and cultural fest are covering the tradition and socialization in Faridpur Sadar just like all other places of Bengal. Among them, the "Durga Puja" (worship of goddess Durga) is the largest one. Visarjan Ghatla is the place which is dedicated to the immersion of the statue of goddess Durga at the end of the five days festival. During the immersion, this "visarjan ghatla" has to contain the largest public gathering. Almost every statue of Durga of Faridpur Sadar and adjacent areas are brought here for immersion. For this reason, the social characteristics of this place have been scheduled and undecided based on this festival. Moreover, as there is a temple situated in the adjacent area of "ghatla", different types of religious- social events used to take place throughout the year. At the same time, the largest playing field of this area is also situated on this site. That's why several games are played by the local kids. As there is a settlement around this area, the distribution of the social spaces of that settlement has been expanded into this area. Which eventually have developed this place as rich and diversified.




The diversity of economic activities in Visarjan Ghatla have accelerated the balanced distribution of different types of social activities. Those economic activities contain of two basic typologies- supplying(raising domestic cattle, to collect, stock and supply wood as fuel, several types of small eateries, vending) and consuming (sitting and gossiping with a cup of tea in small tea stalls, having daily meals in small eateries). All of these economic activities are playing a significant role to create places for social interaction and cohesion in a larger way.

৬.২.৭.৩ বিসর্জন ঘাটলা কেন্দ্রিক সামাজিক স্থানে সাংস্কৃতিক মিথস্ক্রিয়া
 6.2.7.3 Cultural interactions in social space of Visarjan Ghatla



বিসর্জন ঘাটলা কেন্দ্রিক ধর্মীয় অনুষ্ঠানের মধ্যে মন্দির সংলগ্ন কার্যকলাপ ও ঘাটলায় প্রতিমা বিসর্জনই উল্লেখযোগ্য। এছাড়াও সব-যত্ন সম্পর্কীয় কাজের মধ্যে আছে গৃহস্থলির কাজের স্থান, ঘাটলার দৈনন্দিন কাজের স্থান, বসন্ত বাড়ীর চারিধারের কাজের স্থান প্রভৃতি। এখানে বড় একটি মাঠ থাকার জন্য খেলার জায়গা ও নদীর পাড়ে ঘোরার জায়গা বিনোদনের উল্লেখযোগ্য স্থান।

Among all of the religious occasions take place into Visarjan Ghatla and its adjacent area, the temple-oriented activities and the immersion activities on the "Ghatla" (gorge). Besides, this place is also used for daily household works by the people of adjacent settlement; taking bath, washing clothes, collecting water and throwing out the trashes by both the external and people of that settlement. As there is a large open space, it's used as the playing field by kids of different ages and is considered as a recreational place with a scope of enjoying the beauty of Kumar river.



বিসর্জন ঘাটলা কেন্দ্রিক বিভিন্ন ধরনের সামাজিক স্থান বিন্যাস ও কর্মকাণ্ড থাকলেও এখানকার মানুষেরা পরিবেশ সংরক্ষণের জন্য সচেতন না। যেমন যে স্থানে গোছল করছে সেখানেই উন্মুক্তভাবে ময়লা-আবর্জনা ফেলছে। একই সাথে বসতির ভিতরের ড্রেনের সংযোগ কোন প্রকার শোধন ছাড়াই নদীতে উন্মুক্ত হচ্ছে। বসতবাড়ীর আশেপাশের স্থানগুলো যেগুলো মানুষ প্রতিদিনই ব্যবহার করে, সেখানেও যত্রতত্র ময়লা-আবর্জনা ফেলে রাখছে। পূহপালিত প্রাণীরাও এই উন্মুক্ত ময়লা আবর্জনার মধ্যেই বড় হচ্ছে। যার ফলে মানুষ ও প্রকৃতি প্রতিনিয়তই ক্ষতিগ্রস্ত হচ্ছে।

Though there is a rich diversity of social spaces and activities around the “Visarjan Ghatla”, the local people haven’t been found enough concerned about the conservation of the natural elements. As an example, they are using the same place for their taking bath and throwing out the daily waste. The drainage line is opened into the river water without any kind of purification. Moreover, the place the people use for their daily household activities, they haven’t been found enough intended to keep them clean. Rather they use to throw out waste and trashes here and there into those place. The cattle are also brought up among that unhygienic environment. As a result, both of the human and nature are being affected in every moment.


৬.২.৭.৫ বিসর্জন ঘাটলা কেন্দ্রিক সামাজিক স্থানের নকশা প্রণয়ন

6.2.7.5 Proposed design of social space at Visarjan Ghatla

- ০১/০১ নৌকা ভেড়ার স্থান, ঢালু পথ সংযোজন এবং বিসর্জনের স্থান সম্প্রসারণ করে বিদ্যমান ঘাটলার পরিবর্ধন
Extending present Ghatla by adding Boat arrival area, ramp and extended Visarjan area
- ০২/০২ পার্শ্ববর্তী বসতির দৈনিক চলাচলের হাঁটার পথকে আধাপাকা করণ
constructing semi-paved road along with daily walkway path nearest settlement
- ০৩/০৩ বিদ্যমান খাবার দোকান, চায়ের দোকান ও বিভিন্ন পণ্য বিক্রির দোকানকে প্রস্তাবিত হাঁটা পথের পাশে প্রতিস্থাপনের জন্য আধা পাকা দোকান নির্মাণ
Relocating existing food shop, tea stall and various goods shop beside proposed walkway constructing semi-pucca infrastructure
- ০৪/০৪ সাধারণ জনগণের জন্য উন্মুক্ত এবং দুর্গা বিসর্জনে জনসমাগমের ধারণ ক্ষমতা সম্পন্ন চত্বর নির্মাণ
Constructing an inclusive Visarjan plaza for general use and to retain the crowd of Durga Visarjan day
- ০৫/০৫ বিসর্জন চত্বরে ফেরিওয়ালাদের দাঁড়ানোর ও বসার স্থান নির্ধারণ করে প্রবেশগম্যতা নিশ্চিত করণ
determining standing and sitting space for hawker to ensure accessibility in Visarjan plaza
- ০৬/০৬ বিদ্যমান কালী মন্দিরের পরিকাঠামোগত সংস্কার এনে বিসর্জন চত্বরের সাথে সংযুক্ত করণ
developing infrastructure of existing Kali temple and incorporating with Visarjan plaza
- ০৭/০৭ মূল রাস্তা থেকে গুরু করে, সম্পূর্ণ বিসর্জন চত্বর ও নদীর পাশের বিসর্জন স্থানকে অবিচ্ছিন্ন ঢালু পথ দিয়ে সংযুক্ত করণ
connecting Visarjan plaza, riverside Visarjan area and main road with uninterrupted ramp
- ০৮/০৮ চত্বরের মাঝে বৃক্ষ রোপন করে তার চারদিকে বসার বেঞ্চ ও ছোট ডাস্টবিন সম্বলিত ছাউনি নির্মাণ
Planting trees within the plaza space and constructing sitting shed having bench and small dustbins
- ০৯/০৯ সম্পূর্ণ চত্বরের কঠিন বর্জ্য সংগ্রহের জন্য ঘাটলার সাথে ডাস্টবিন নির্মাণ এবং নৌ-পথে ময়লা সংগ্রহ করে সমন্বিত শোধনাগারে পরিবহনের ব্যবস্থা করণ
incorporating dustbin with Ghatla to dump solid waste of Visarjan plaza and developing a water transportation system of collecting and transferring waste to central treatment plan
- ১০/১০ তরল বর্জ্যের প্রাকৃতিক পরিশোধন স্থান নির্ধারণ ও প্রস্তুতকরণ
Determining and preparing space for constructed wet land
- ১১/১১ চত্বরের পানি নিষ্কাশনের জন্য ছিদ্রযুক্ত ঢাকনা সহ ড্রেইন নির্মাণ এবং ড্রেইন গুলিকে প্রাকৃতিক পরিশোধন স্থানের সাথে সংযুক্ত করণ
constructing drain with perforated cover and connecting with Constructed wet land
- ১২/১২ নারী-পুরুষের সমান প্রবেশগম্যতা নিশ্চিত করে এমন স্থানে শৌচালয় নির্মাণ
constructing toilet in such a space that ensures equal male-female permeability
- ১৩/১৩ চত্বরের উপযুক্ত স্থানে বৃক্ষ রোপন করে ঐতিহ্যগত ও আরামপ্রদ সাংস্কৃতিক পরিবেশ নিশ্চিত করণ
tree plantation at appropriate places to ensure comfortable and traditional cultural environment
- ১৪/১৪ বিসর্জন চত্বরের পাশে বসতির মানুষের হাঁস-মুরগি ও ছাগল পালনকে উৎসাহিত করে নদীর দিকে প্রাকৃতিক স্থান নির্ধারণ
determining river front natural space to encourage settlement people keeping their poultry and goats
- ১৫/১৫ সন্ধ্যার পরে জনসমাগমের স্থানের নিরাপদ ব্যবহার নিশ্চিত করার জন্য পর্যাপ্ত পরিমাণ আলোক খুঁটি সংযোজন
incorporating enough light post to ensure safe public activity in the evening



বিসর্জন ঘাটলার নকশা বিন্যাস
Design Layout of Visarjan Ghatla




মূল রাস্তা থেকে শুরু করে, সম্পূর্ণ বিসর্জন চত্বর ও নদীর পাশের বিসর্জন স্থানকে অবিচ্ছিন্ন ঢালু পথ দিয়ে সংযুক্ত করণ
connecting Visarjan plaza, riverside Visarjan area and main road with uninterrupted ramp.

ঘাটলা ও বাজারের মাঝে জনসমাগমের জায়গা নির্ধারণ ও আধাপাকা মেঝে নির্মাণ এবং একই সাথে তীরবর্তী দোকান গুলির নদীর দিকে অবৈধ বৃদ্ধি রোধ করণ
Determining public space and constructing semi-paved plaza between Ghatla and bazar and Simultaneously preventing illegal extension of shops towards river

নৌকা ভেড়ার স্থান, ঢালু পথ সংযোজন এবং বিসর্জনের স্থান সম্প্রসারণ করে বিদ্যমান ঘাটলার পরিবর্তন
Extending present Ghatla by adding Boat arrival area, ramp and extended Visarjan area

নারী-পুরুষের সমান প্রবেশপন্যতা নিশ্চিত করে এমন স্থানে শৌচালয় নির্মাণ
constructing toilet in such a space that ensures male-female equal permeability

বাজারে উপযুক্ত স্থানে বৃক্ষ রোপন করে ঐতিহ্যগত ও আরামপ্রদ পরিবেশ নিশ্চিত করণ
tree plantation at appropriate places to revive comfortable and traditional environment of Bazar



৬.২.৮ লোহার ব্রিজের সামাজিক স্থানের বিশদ বিশ্লেষণ

6.2.8 Detail analysis of social space at 'Lohar Bridge'

৬.২.৮.১ লোহার ব্রিজে নারী-পুরুষের সহবস্থান

6.2.8.1 Co-existence of man and women at 'Lohar Bridge'



হাজী শরিয়তুল্লাহ বাজার এবং ময়রা পট্টিকে সংযুক্ত করার পাশাপাশি বিভিন্ন বয়স, ধর্ম, পেশা, শ্রেণীর মানুষের অর্থনৈতিক ও সাংস্কৃতিক কর্মকাণ্ডকে ধারণ করে লোহার ব্রিজটি ফরিদপুরের একটি অনন্য বৈশিষ্ট্যের সামাজিক স্থান হিসেবে আত্মপ্রকাশ করেছে। এই ব্রিজের উপর দিয়ে কোনও ধরনের যানবাহন চলাচল নিষিদ্ধ করার কারণে এটি মানুষের পায়ে হেটে চলাচলের একটি অবাধ মাধ্যম হয়ে উঠেছে।

৬.২.৮.২ লোহার ব্রিজে মিথস্ক্রিয়ার ভিন্নতা

6.2.8.2 Different interaction at 'Lohar Bridge'



Apart from connecting the Haji Shariyatullah Bazar and Moyra Potti, the "Lohar Bridge" (Iron Bridge) has appeared as a unique social space of Faridpur Sadar containing economic and cultural activities of local people.


Any kind of vehicle is being kept prohibited on this bridge. As a result it has become a way of flawless pedestrian movement. Which ultimately has helped to flourish this bridge as the centre of social cohesion.





শুধুমাত্র পায়ে হাটার পথ হিসেবে নয় এই লোহার ব্রিজটি যেভাবে স্থানীয় মানুষের অর্থনৈতিক কর্মকাণ্ডের সাথে একটি আলাদা মাত্রা যোগ করেছে। ব্রিজের মাঝের মানুষ চলাচলের পথের দুই ধার ধরে অস্থায়ী দোকানিরা তাদের পসরা নিয়ে বসে। এইসব দোকানিরা ফ্রেতাদের কাছে ফলমূল, ছোটখাটো প্রসাধনী উপকরণ বিক্রয় করে থাকে। এছাড়াও বেশ কয়েকজন ভিক্ষুককেও এই ব্রিজের উপরে অবস্থান নিয়ে ভিক্ষা করতে দেখা যায়।

Not only as the pedestrian path but also this Lohar Bridge has added a different scale to the economic activities of local people. The middle portion of the bridge is dedicated for people's movement and there are number of temporary vendors sell goods to the customers. Basically they sell fruits and small cosmetic accessories. Besides, few beggars take position on the bridge for their earning.



লোহার ব্রিজ অর্থনৈতিক কাজের ক্ষেত্র তৈরীর পাশাপাশি স্থানীয় মানুষের বিভিন্ন ধরনের সাংস্কৃতিক কর্মকাণ্ডেরও (স্ব-যত্ন সম্পর্কীয়, বিনোদনমূলক, সেবামূলক) ধারক ও বাহক। স্থানীয় ও বহিরাগত মানুষের পারস্পরিক মিথস্ক্রিয়ার সুযোগ সৃষ্টির মাধ্যমে এই ব্রিজটি এখানকার মানুষের সামাজিক মেলবন্ধনে গুরুত্বপূর্ণ ভূমিকা পালন করছে। সদরের একটি জনবহুল এলাকায় অবস্থিত হবার কারণে এই ব্রিজটিতে প্রতিদিন ভিন্ন ভিন্ন ধর্মের, আয়ের, পেশার, বয়সের অসংখ্য নারী ও পুরুষের এই ব্রিজের উপর দিয়ে পায়ে হেটে যাতায়াত করে। এভাবেই ব্রিজটি ফরিদপুর সদরের মানুষের সামগ্রিক সামাজিক-সাংস্কৃতিক প্রকৃতির রূপ বহন করে।

Apart from creating a platform for economic activities the "lohar Bridge" contains different types of cultural activities like self care, recreational and volunteering activities. By creating scopes of interaction for both local and external people this bridge playing an important role in developing the social cohesion of this place. As this bridge is situated in a vibrant area of this city, number of men and women of different religions, income, occupations and ages use this bridge as their pedestrian way. In this way, this bridge represents the overall socio-cultural expression of Faridpur.



লোহার ব্রীজ থেকে কুমার নদের অসাধারণ দৃশ্য দেখার সুযোগ থাকলেও এর বর্তমান পরিকাঠামোগত বৈশিষ্ট্য সেখানে প্রতিবন্ধকতা সৃষ্টি করে। ব্রীজের মূল কাঠামোর উপরে দৃষ্টি নন্দন করার উদ্যোগে যে লোহার পাইপ ব্যবহার করা হয়েছে সেগুলো এই প্রতিবন্ধকতার মূল কারণ। জনসাধারণের দৃষ্টিপম্যতা নষ্ট হওয়ায় ব্যবহারকারীরা ব্রীজের পাশের স্থান গুলোকে ময়লা ফেলা ও প্রদ্রাব করার জন্য ব্যবহার করে থাকে। এছাড়াও এই পায়ে হাঁটা ব্রীজটির লোহার মেঝে বের হয়ে থাকায় তা বিভিন্ন সময়েই হাঁটার জন্য পিচ্ছিল ও বিপদজনক হয়ে পড়ে। ব্রীজটিতে নিরাপত্তা বেটনির বাইরেও অর্থনৈতিক প্রয়োজনে জীবনের ঝুঁকি নিয়ে বিক্রেতাদের বসতে দেখা যায়। এলাকার মানুষের দৈনন্দিন জীবনের সাথে ওতপ্রোত ভাবে জড়িয়ে থাকার পরেও ব্রীজটিতে সন্ধ্যার পরে ব্যবহারের জন্য পর্যাপ্ত আলোকের ব্যবস্থা নেই।

Though there is a chance to see the wonderful view of the Kumar Nod from Iron Bridge, its current infrastructure creates obstruction there. The iron pipes used to make eye sight over main structure of the bridge are the main reasons for this obstruction. Due to the loss of public visibility, users use places beside the bridge to urinate and to dump garbage. Also the exposed iron floor of this pedestrian bridge sometimes become slippery and dangerous for the walk. Vendors are seen sitting out of the safety fencing in the bridge, but at the risk of life for economic need. Even after engaging in the daily life of the people of the area, there is no adequate lighting facilities in the bridge after the evening.



 ব্রিজের মূল লৌহ কাঠামো ও নিরাপত্তা বেটনি রেখে উপরি ভাগের দৃষ্টিগম্যতা বিনষ্টকারী লৌহ পাইপ সমূহ অপসারণ removing iron pipes which creates visual barriers keeping main structural element and safety railing of the bridge

 হাটা পথের জন্য উপযোগী টালি ব্যবহার করে ব্রিজের মেঝের উপরিতল সংস্করণ renovating bridge floor surface with pedestrian friendly tiles

 ব্রিজের উপরে কাঠামোর সাথে সামঞ্জস্যপূর্ণ স্থান সমূহে পরিদর্শকদের দাঁড়ানোর স্থান তৈরী এবং নিরাপত্তা বেটনীর পরিবর্ধন adding standing spaces for visitors considering bridge structure and renovating safety railing

 পরিদর্শকের দাঁড়ানোর স্থান ব্যতিরেকে অনিয়মিত বিক্রেতাদের বসার জন্য নিরাপত্তা বেটনীর সাথে কাঠের উখিত অস্থায়ী মাচা তৈরী adding temporary wooden raised floor to provide sitting space for occasional vendors beside safety railing except visitor's standing spaces

 সন্ধ্যার পরে ব্রিজের উপর সামাজিক নিরাপত্তা নিশ্চিত করার জন্য পর্যাপ্ত পরিমাণ আলোক ঝুটি সংযোজন incorporating enough light post to ensure social safety in the evening



৬.২.৯ ময়রা পট্টি এলাকার বিশদ বিশ্লেষণ

6.2.9 Detail analysis of Moyra Patti

৬.২.৯.১ ময়রা পট্টি এলাকায় নারী-পুরুষের সহাবস্থান


6.2.9.1 Co-existence of man and women at Moyra Patti



